ডাক/অনলাইনযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৭৩.০০২.০১৫.১৭-৩৬৩ তারিখ ঃ ০৯.১২.২০১৮ খ্রিঃ

বিষয়: ৪র্থ HPNSP-তে স্থানান্তরিত ১৫১০০ জন, সুপারিশকৃত নতুন পদ ২৮৯২ জন জনবল নিয়োগের লক্ষ্যে সকল অপারেশনাল প্ল্যানের নিয়োগের তফসিল অনুমোদনের ক্ষেত্রে সামঞ্জস্যতা থাকা প্রসংগে।

সূত্র : অর্থবিভাগের স্মারক নং-০৭.১০৪.০১৪.২৭০১.১৩৪.২০১৭-২৭৬, তারিখ: ২৪.০৪.২০১৭খ্রি:

উপর্যুক্ত বিষয়ে প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অর্থবিভাগের ১২.০৪.২০১৭ তারিখের নতুন উন্নয়ন প্রকল্পের পদ/জনবল নির্ধারণ সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত অনুসারে ৩য় HPNSDP-তে অন্তর্ভুক্ত জনবল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (HPNSP)'র (২০১৭-২০২২) অনুকূলে স্থানান্তর ও নতুন পদ সৃষ্টি করা হয়েছে। স্বাস্থ্য সেবা বিভাগের ১৯টি অপারেশনাল প্ল্যানসমূহে ৩য় HPNSDP হতে ৪র্থ HPNSP-তে স্থানান্তরিত ১৫১০০ জন, সুপারিশকৃত নতুন পদ ২৮৯২ জন জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়েছে :

১. সুপারিশকৃত পদে প্রেষণে নিয়োগ/অতিরিক্ত দায়িত্ব/সংযুক্তি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার বিদ্যমান চাকুরিবিধি অনুসরণসহ সরকারি নিয়ম/বিধি যথাযথভাবে প্রতিপালন করতে হবে। চাকুরিবিধিতে নেই এমন পদে নিয়োগের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ন্যূনতম যোগ্যতা নির্ধারণপূর্বক নিয়োগের ব্যবস্থা করতে হবে। তবে এ নিয়োগ সাকুল্য বেতনে চুক্তিভিত্তিক (শুধু প্রকল্প চলাকালীন সময়ের জন্য) করতে হবে। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নিয়োগপত্রই অব্যাহতিপত্র হিসেবে গণ্য হবে;
২. সুপারিশকৃত পদে জনবল সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রচলিত সরকারি নিয়ম/বিধি যথাযথভাবে পালন করতে হবে;
৩. Outsourcing এর মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা যাবে না। কোন কোম্পানীর/প্রতিষ্ঠানের সংগে জনবল সরবরাহের চুক্তি করতে হবে। কোম্পানি/প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে স্বচ্ছতা ও প্রতিযোগিতা নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ-৫ অধিশাখার আউটসোর্সিং সংক্রান্ত নীতিমালা (অম/অবি/ব্য:নি:-৫/বিবিধ-১/২০০৭/৫৯৭ তারিখ: ০৭.০৮.২০০৮খ্রি) অনুসরণ করতে হবে;
৪. সুপারিশকৃত পদসমূহ ও এসব পদের job description পিআইপিতে যথাস্থানে অন্তর্ভুক্ত করতে হবে; এবং
৫. কমিটি প্রকল্প সমাপ্তির পর জনবল রাজস্ব খাতে স্থানান্তরের কোন সুপারিশ করেনি।

এমতাবস্থায়, অর্থবিভাগের ১২.০৪.২০১৭ তারিখের নতুন উন্নয়ন প্রকল্পের পদ/জনবল নির্ধারণ সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত অনুসারে ৩য় HPNSDP-তে অন্তর্ভুক্ত জনবল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (HPNSP)'র (২০১৭-২০২২) অনুকূলে স্বাস্থ্য সেবা বিভাগের ১৯টি অপারেশনাল প্ল্যানসমূহে ৩য় HPNSDP হতে ৪র্থ HPNSP-তে স্থানান্তরিত ১৫১০০ জন, সুপারিশকৃত নতুন পদ ২৮৯২ জন জনবল নিয়োগের লক্ষ্যে বর্ণিত শর্তসমূহ অনুসরণপূর্বক তফসিল অনুমোদনের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৯.১২.১৮
(এস এম জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০

বিতরণ :

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও লাইন ডাইরেক্টর, ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. অতিরিক্ত-সচিব (প্রশাসন) ও লাইন ডাইরেক্টর, স্বাস্থ্য সেবা বিভাগ, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (আ:ব্য: অ:) ও লাইন ডাইরেক্টর, "Improved Financial Management", স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও লাইন ডাইরেক্টর, হেলথ ইকোনোমিক্স এন্ড ফাইন্যান্সিং, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ১৪/২ তোপখানা রোড, ঢাকা।
৫. লাইন ডাইরেক্টর, স্ট্রেংদেনিং অব ড্রাগ এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট, ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২।

৬. যুগ্ম-প্রধান ও লাইন ডাইরেক্টর, "Sector Wide Programme Management and Monitoring", স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. লাইন ডাইরেক্টর, "Tuberculosis-Leprosy and AIDS STD Programme (TB-L & ASP)", মহাখালী, ঢাকা।
৮. লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৯. লাইন ডাইরেক্টর, "Lifestyle and Health Education & Promotion", মহাখালী, ঢাকা।
১০. লাইন ডাইরেক্টর, "কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল(CDC)", মহাখালী, ঢাকা।
১১. লাইন ডাইরেক্টর, "হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট", মহাখালী, ঢাকা।
১২. লাইন ডাইরেক্টর, মেটারনেল, নিউনেটাল, চাইল্ড এ্যান্ড এডোলোসেন্ট হেলথ কেয়ার (MNC&AH), মহাখালী, ঢাকা।
১৩. লাইন ডাইরেক্টর, অলটারনেটিভ মেডিকেল কেয়ার, মহাখালী, ঢাকা।
১৪. লাইন ডাইরেক্টর, নন কমিউনিকেবল ডিজিস কন্ট্রোল, মহাখালী, ঢাকা।
১৫. লাইন ডাইরেক্টর, প্রকিউরম্যান্ট, ষ্টোরেজ এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট (পিএসএসএম-এইচএস);মহাখালী, ঢাকা।
১৬. লাইন ডাইরেক্টর, প্লানিং, মনিটরিং এ্যান্ড রিসার্চ (স্বাস্থ্য), মহাখালী, ঢাকা।
১৭. লাইন ডাইরেক্টর, এইচআইএস এ্যান্ড ই-হেলথ, মহাখালী, ঢাকা।
১৮. লাইন ডাইরেক্টর, ন্যাশনাল আই কেয়ার, শের-ই-বাংলানগর, ঢাকা।
১৯. লাইন ডাইরেক্টর, ন্যাশনাল নিউট্রিশন সার্ভিসেস্ (এনএনএস), মহাখালী, ঢাকা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. যুগ্ম সচিব (প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।